



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান সমর্থন করার জন্য 60 মিলিয়ন মার্কিন ডলারের অলাভজনক অবকাঠামো মূলধন বিনিয়োগ কর্মসূচি শুরু করলেন

বড় ও ছোট আকারের নির্মাণ প্রকল্প সমর্থন করার জন্য যোগ্য অলাভজনক মানবসেবা সংগঠন 500,000 মার্কিন ডলার পর্যন্ত মূলধন অনুদান তহবিল লাভ করতে পারবে

অলাভজনক সংগঠনকে সুরক্ষাদান ও এর সমর্থনে গভর্নরের পূর্বের বিনিয়োগের অনুবর্তী, যার মধ্যে আছে অলাভজনক কলেজ ও ইউনিভার্সিটি এবং ভেটেরান ও বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীর সমর্থনে তহবিল

আবেদনের জন্য অনুরোধ [এখানে](#) পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কবাসীকে অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান সমর্থন করার জন্য অলাভজনক অবকাঠামো মূলধন বিনিয়োগ কর্মসূচির (Nonprofit Infrastructure Capital Investment Program, NICIP) মাধ্যমে অলাভজনক মানব সেবা সংগঠনসমূহের জন্য কমপক্ষে 60 মিলিয়ন মার্কিন ডলার মূলধন অনুদান তহবিল উপলভ্য থাকবে। নিউ ইয়র্কবাসীকে প্রত্যক্ষ কর্মসূচি ও সেবা প্রদানকারী যোগ্য অলাভজনক সংগঠনসমূহ ক্ষুদ্র এবং বড় আকারের নির্মাণকাজ প্রকল্প সম্পন্ন করার জন্য 50,000 মার্কিন ডলার থেকে 500,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদান পেতে পারবে। আবেদনের জন্য অনুরোধ (Request For Applications, RFA) [এখানে](#) পাওয়া যাবে।

"অলাভজনক অবকাঠামো মূলধন বিনিয়োগ কর্মসূচি হলো নিউ ইয়র্কের সামাজিক নিরাপত্তা বলয়কে বলীয়ান ও সংরক্ষণ করার জন্য আমাদের স্টেটের সবথেকে শক্তিশালী হাতিয়ার," **গভর্নর হোকল বলেন।** "অভাবে থাকা ব্যক্তিদের অতি গুরুত্বপূর্ণ সেবাদান করার জন্য অলাভজনক সংগঠনগুলি অত্যাবশ্যকীয় অংশীদার, কিন্তু অনেক বেশি সময়, অবকাঠামোর চাহিদা এবং মূলধন তহবিলের অভাব এই সংগঠনের ধারণক্ষমতাকে ক্ষীণ করে। আমাদের অলাভজনক খাতে রূপান্তরমূলক বিনিয়োগ করার মাধ্যমে আমার প্রশাসন এমন অত্যাবশ্যকীয় সংস্থান ও সেবা বহাল রাখতে প্রতিশ্রুতিবদ্ধ যার উপর নিউ ইয়র্কবাসীরা নির্ভর করে।"

নিউ ইয়র্ক স্টেট ডর্মিটরি কর্তৃপক্ষ (Dormitory Authority of the State of New York, DASNY) স্টেটের হয়ে কর্মসূচির পরিচালনা করবে, এবং এছাড়াও নিউ ইয়র্ক স্টেট অনুদান গেটওয়েতে অর্থায়নের সুযোগ পোস্ট করার পাশাপাশি তারা তাদের ওয়েবসাইটে আবেদনের জন্য অনুরোধ পোস্ট করবে। এছাড়াও 18 অক্টোবর, 2023 তারিখে উভয় স্থানে পোস্ট করা একটি তথ্যমূলক ওয়েবিনার ভিডিওয়ের মাধ্যমে সম্ভাব্য অলাভজনক আবেদনকারীর জন্য DASNY অত্যাৱশ্যকীয় তথ্য প্রদান করবে।

প্রতিযোগিতামূলক এই অনুদান কর্মসূচির জন্য এই NICIP সুযোগ একটি আগে আসলে আগে পাবেন প্রক্রিয়া ব্যবহার করবে। 1 ডিসেম্বর, 2023 থেকে 12 জানুয়ারি, 2024 পর্যন্ত যেকোনো সময় আবেদন জমা করা যাবে। আবেদন পাওয়ার পর তার স্কোর প্রদান করা হবে এবং 2 ডিসেম্বর, 2023 তারিখেই আবেদনপত্রের স্কোর প্রদান শুরু করা হবে। সর্বনিম্ন সীমার স্কোর পাওয়া সকল আবেদনকারীকে অনুদান প্রক্রিয়ার জন্য DASNY এর নিকট অগ্রসর করা হবে, যতদিন পর্যন্ত সকল তহবিল ব্যবহার হচ্ছে তা চলবে। আবেদনপত্র স্কোর করার সময় এমন প্রকল্পকে গুরুত্ব দেওয়া হবে যা 'নির্মাণের জন্য প্রস্তুত' হবে এবং 2026 সালের ডিসেম্বরের মধ্যে কাজ শেষ হওয়ার প্রত্যাশা করা যাবে। যদি অগ্রসর করা যোগ্য একটি NICIP আবেদন আবশ্যিক পর্যালোচনা বা এর প্রস্তাবিত প্রকল্পের কাজ সম্পন্ন করতে না পারে, তাহলে তহবিল NICIP ভাণ্ডারে ফেরত নেওয়া হবে এবং আবেদনকারীর তালিকার পরবর্তী ধারাবাহিক NICIP যোগ্য আবেদনকারীকে প্রদান করা হবে।

পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীর জন্য অতি গুরুত্বপূর্ণ সংস্থান ও সেবা প্রদান করা অলাভজনক খাতকে সুরক্ষা দান ও এর সমর্থন করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে NICIP গঠিত হয়েছে। গত মাসে, গভর্নর মুখ্য নির্মাণ প্রকল্প, নতুন সরঞ্জাম ও ইউনিভার্সিটি অবকাঠামোতে অন্যান্য বিনিয়োগ সমর্থন করতে 30টির বেশি নিউ ইয়র্ক কলেজ ও ইউনিভার্সিটির জন্য 63 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূলধন তহবিল ঘোষণা করেন। এছাড়াও গভর্নর সম্প্রতি অলাভজনক ফ্যাসিলিটির নিরাপত্তা ও সার্বিক প্রস্তুতি বলীয়ান করতে প্রায় 38 মিলিয়ন মার্কিন ডলার, বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীকে ক্যারিয়ার প্রশিক্ষণ প্রদানকারী সংগঠনের জন্য 13 মিলিয়ন মার্কিন ডলার, এবং ভেটেরানদের সেবাদানকারী সংগঠনের জন্য 2.7 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)